
An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

PUBLISHED ON:
AUG 2025




# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮৯


## আগস্ট ২০২৫

**ASSOCIATION SAMBAD AUGUST 2025**

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com


# জন্মমাসের মনীষীরা




কানাইলাল দত্ত



বীণা দাস



শম্ভু মিত্র




বীরবন্দ্রকৃষ্ণ ভদ্র



ড: রাধাগোবিন্দ কর



ঋষি অরবিন্দ ঘোষ



অবনীন্দ্রনাথ ঠাকুর



সুকান্ত ভট্টাচার্য



কিশোর কুমার



ঋতুপর্ণ ঘোষ

## সম্পাদকের কলমে

গত ৩রা আগস্ট হয়ে গেল বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ সাধারণসভা। কয়েকটি গুরুত্বপূর্ণ সংবিধান সংশোধনের সঙ্গে সঙ্গে বর্তমান কার্যকরী সমিতি সাধারণ সদস্যদের সামনে সারা বছরের একটি সম্ভাব্য অনুষ্ঠান ক্যালেন্ডারও পরিবেশন করল।

গুরুত্বপূর্ণ সংবিধান সংশোধনীগুলির মধ্যে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের কাজের পরিধি বেড়ে যাওয়ায় এবং দায়িত্বের বিকেন্দ্রীকরণের উদ্দেশ্যে সহসভাপতির সংখ্যা বাড়িয়ে ৪ এবং যুগ্মসম্পাদকদের সংখ্যা বাড়িয়ে ৮ করা হল। এছাড়াও এখনও পর্যন্ত সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ পদে টানা চারবার কেউ নির্বাচিত/ মনোনীত হতে পারতেন, তা কমিয়ে সর্বাধিক টানা দুইবার করা হল।

সাধারণ সম্পাদক, সহসভাপতিত্রয়, কোষাধ্যক্ষ ও অতিরিক্ত সাধারণ সম্পাদকের সঙ্গে যে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনটি পেশ করলেন ২০২৫-২৬-এর বাকি কার্যকালের সম্ভাব্য কর্মসূচির উপর সেখানে দিল্লির বাংলা স্কুলগুলি, অঙ্কুর বিদ্যালয়, স্বাস্থ্যক্ষেত্রে এবং সামাজিক ক্ষেত্রে জোর দেওয়া হয়েছে।

স্বাস্থ্যক্ষেত্রে ম্যাক্স হাসপাতালের সঙ্গে বেঙ্গল অ্যাসোসিয়েশন একটি সমঝোতায় এসেছে যেখানে ম্যাক্স আগামী ছয়মাসে পরীক্ষামূলকভাবে দিল্লির তিন জায়গায় বেসিক লাইফ সাপোর্ট সিস্টেম প্রশিক্ষণের জন্য কর্মশালা আয়োজন করবে। যার মধ্যে প্রথমটি আয়োজিত হবে কাত্যায়নী ট্রাস্টের সহযোগিতায় কালকাজিতে আগামী ৩০শে আগস্ট, ২০২৫ বেলা ১১টার সময়।

এছাড়াও দীপাবলির ঠিক আগে স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে একটি অগ্নি নির্বাপন ও জ্বলন নিবারণ কর্মশালার আয়োজন করতে চাইছে বেঙ্গল অ্যাসোসিয়েশন।

অঙ্কুর স্কুলের ক্ষেত্রে বিশেষ নজর দেওয়া হয়েছে। যে সমস্ত বাচ্চারা অঙ্কুর প্রাক্ প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে তাদের জন্য নিয়মিত মিড ডে মিলের ব্যবস্থা, পঠনপাঠনের বিশেষ সুবিধা, পানীয় জল এবং অন্যান্য সুরক্ষা সম্পর্কিত ব্যবস্থা করা হবে অনতিবিলম্বেই। একই সঙ্গে ৫ বছর বয়স হবার পর তারা যেন নিকটবর্তী এমসিডি স্কুলে ভর্তি হতে পারে সেই ব্যবস্থাও করা হচ্ছে। বাচ্চাদের আধার রেজিস্ট্রেশন, হেলথ চেকআপ ইত্যাদির ব্যবস্থাও দ্রুতই নেওয়া হচ্ছে।

গুরুগ্রাম চ্যাপ্টারের কাজও শুরু হয়ে যাবে এর মধ্যে। সামাজিক ক্ষেত্র ছাড়াও সাংস্কৃতিক ক্ষেত্রে গুরুগ্রামের বেঙ্গল অ্যাসোসিয়েশনের সদস্যরা আগামী বছরের মাঝামাঝি একটি সামগ্রিক পরিবেশনা নিয়ে আসবেন মুক্তধারায়।

নভেম্বর মাসে দিল্লির বাংলা স্কুলগুলির একটি আন্তঃবিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার

আয়োজন করার চেষ্টা করছে বেঙ্গল অ্যাসোসিয়েশন।

আগামী ১১ই আগস্ট, ২০২৫ থেকে কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত স্কিমের রেজিস্ট্রেশন সহায়তা করা হবে বেঙ্গল অ্যাসোসিয়েশনের বঙ্গসংস্কৃতি ভবনস্থিত অফিসে।

আগামী ১০ই আগস্ট, ২০২৫ থেকে বেঙ্গল অ্যাসোসিয়েশনের কর্মসূচি শুরু হচ্ছে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবসে স্মরণ করার মাধ্যমে। মুক্তধারা বেসমেন্টে এই অনুষ্ঠানে কবিগুরুর আঁকা ছবি নিয়ে আলোচনা করবেন প্রখ্যাত চিত্রশিল্পী শ্রী আনন্দময় ব্যানার্জি। এছাড়াও সঙ্গীত পরিবেশন করবেন শ্রী সমর চক্রবর্তী এবং শ্রী অভিজিৎ রায়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনার দায়িত্বে থাকবেন শ্রী শমীন্দ্রনাথ সান্যাল।

দিগঙ্গন পত্রিকার ৫০ বছর উপলক্ষ্যে প্রকাশিত সংকলন 'দিগঙ্গন ৫০' গ্রাহকদের কাছে পৌঁছে যেতে শুরু করেছে। ডাকবিভাগের সফটওয়ার আপডেটের কারণে সকলের কাছে পৌঁছতে একটু সময় লাগবে কিন্তু হাতে পেয়ে যাবেন নীলরঙের বাঁধাই করা উজ্জ্বল সংকলনটি অচিরেই।

আগামী ১৩ই সেপ্টেম্বর, ২০২৫ বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রথম সাংস্কৃতিক বৈঠকি শুরু হয়ে যাবে।

আগস্ট মাসের মাঝামাঝি বাংলার মহাকবিদের মধ্যে কনিষ্ঠতম সুকান্ত ভট্টাচার্যের শতবর্ষও শুরু হয়ে যাবে। আগামী বছর এই নিয়ে বিস্তারিত কর্মসূচি থাকবে।

আর শেষে জানিয়ে যাই গোটা ছয়েক কালজয়ী সিনেমা নিয়ে আগামী ৬-৭ই সেপ্টেম্বর, ২০২৫ বেঙ্গল অ্যাসোসিয়েশন মহানায়ককে শতবর্ষে সম্মান জানাবে 'উত্তম একাই ১০০'য়।

সারা বছরের ক্যালেন্ডার দেওয়া হলঃ

| | | |
|---|---|---|
| উত্তম একাই ১০০ | মুক্তধারা প্রেক্ষাগৃহ | ৬ ও ৭ই সেপ্টেম্বর, ২০২৫ |
| বিজয়া সম্মিলনী | মুক্তধারা প্রেক্ষাগৃহ | ১১ই অক্টোবর, ২০২৫ |
| ওয়ার্ল্ড মিউজিক কনক্লেভ | মেঘদূত থিয়েটার/ ইন্ডিয়া হ্যাবিট্যাট সেন্টার | ১৪-১৬ই নভেম্বর, ২০২৫ |
| জাতীয় যুবদিবস | বঙ্গসংস্কৃতি ভবন | ১২ই জানুয়ারি, ২০২৬ |
| বিয়ন্ডবাউন্ডস | মুক্তধারা প্রেক্ষাগৃহ | ১৬-১৮ই জানুয়ারি, ২০২৬ |
| আন্তর্জাতিক শ্রমজীবী নারী দিবস | মুক্তধারা | ৮ই মার্চ, ২০২৬ |
| দিল্লি বইমেলা ও ভারত লোকোৎসব | ৫, অশোকা রোড | ১৯-২২শে মার্চ, ২০২৬ |

| | | |
|---|---|---|
| বিশ্ব নাট্যদিবস | মুক্তধারা প্রেক্ষাগৃহ | ৫ই এপ্রিল, ২০২৬ |
| বর্ষবিদায়-বর্ষবরণ | মুক্তধারা প্রেক্ষাগৃহ | ১৪ই এপ্রিল, ২০২৬ |
| রবীন্দ্রজয়ন্তী | রবীন্দ্রভবন প্রাঙ্গণ | ৩রা মে, ২০২৬ |
| ভাষা শহিদ দিবস | মুক্তধারা প্রেক্ষাগৃহ | ১৯শে মে, ২০২৬ |



BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI

বাংলায় জেগে রই




দুর্গা-e-দুর্গতিনাশিনী সম্মাননার জন্য
আপনার পুজোর আমন্ত্রনী ই-কার্ড পাঠান
২৫শে সেপ্টেম্বরের মধ্যে
bengalassociationevents@gmail.com এ।
সাবজেক্ট লাইনে লিখুন দুর্গা-e-দুর্গতিনাশিনী সম্মাননা
এবং আপনার পুজোর নাম।

## অ্যাসোসিয়েশন সংবাদ

সকলের তরে সকলে আমরা
উৎসবে আমরা সকলের তরে!!

বাঙালির দুর্গোৎসব তো শুধু পুজো নয়, সামাজিক উৎসব, সবার উৎসব।

এই সর্বজনীন উৎসবে সর্বজনহিতকর কাজ করছে আপনার পুজো কমিটি? তা'হলে আর দেরি নয় ছবি সহ বিবরণ লিখে একটি প্রেসেন্টেশন পাঠিয়ে দিন বেঙ্গল অ্যাসোসিয়েশনের মেল, bengalassociationevents@gmail.com আর সকলের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে জিতে নিন সর্বজনহিতায় সম্মান।

কাশের দোলায় ঢাকের তালে
মা আসছেন শিউলি ভোরে

বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগে দুর্গাপূজা e-card প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য দিল্লি-NCR-এর পুজো কমিটিদের আহ্বান জানাই। কিছু শিল্প, কিছু কল্পনা, যুগের হাওয়া বা নস্ট্যালজিয়ার পুজো-পুজো গন্ধ মেখে যত্নে তৈরি হোক আপনাদের পুজো কমিটির ই-কার্ডটি। প্রাক্ মহালয়ার মধ্যে আপনাদের কার্ডটি বেঙ্গল অ্যাসোসিয়েশনের দপ্তরে পৌঁছে যাওয়া চাই। মেল আই-ডি, bengalassociationevents@gmail.com প্রয়োজনে কার্ডের হার্ড কপি চাওয়া হবে।

## সহ-সংগঠনের খবর

২রা আগস্ট ২০২৫, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের নবনির্মিত 'বঙ্গীয় সমাজ মঞ্চে' অভিনীত হলো হাস্যরসাত্মক দুটি নাটক, 'বাড়ি' ও 'প্রস্তাব'। 'বাড়ি' নাটকটির নির্দেশনায় ছিলেন বাদল রায় এবং 'প্রস্তাব' নাটকটির নির্দেশক সিদ্ধার্থ দাশগুপ্ত।

৭ই আগস্ট ২০২৫ চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজ পাঠাগারে, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের কয়্যার ও সাংস্কৃতিক গ্রুপের প্রয়াসে গীতি আলেখ্য 'মৃত্যুহীন প্রাণ' পরিবেশিত হল।

৭, ৮ এবং ৯ই আগস্ট ২০২৫, পশ্চিমবঙ্গ সরকারের অফিস অফ রেসিডেন্ট কমিশনারের উদ্যোগে, মুক্তধারা অডিটোরিয়ামে, 'ছোটদের সত্যজিৎ' কেন্দ্রিক বেঙ্গল মুভি ফেস্টিভ্যালের আয়োজন করা হয়েছে। 'সোনার কেল্লা', 'জয় বাবা ফেলুনাথ', 'হীরক রাজার দেশে', 'গুপী বাঘা ফিরে এলো', 'গুপী গাইন বাঘা বাইন' সহ মোট পাঁচটি সিনেমা দেখানো হবে। সঙ্গে বিশেষ প্রদর্শনী হিসাবে থাকবে ডক্টর

শাশ্বত দাঁ ও অভীক মজুমদার পরিচালিত শর্ট ফিল্ম 'মানিকচাঁদের পাঁচালী'। উদ্বোধনী অনুষ্ঠানে, নবপল্লব চিলড্রেনস থিয়েটারের কুশীলবেরা 'মানিক থেকে সত্যজিৎ' হয়ে ওঠার কাহিনী মঞ্চস্থ করবে। এছাড়া স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের নিয়ে সংক্ষিপ্ত ভাষণ প্রতিযোগিতা এবং ক্যুইজ কনটেস্টের আয়োজন রয়েছে। প্রাপ্তবয়স্কদের জন্য থাকছে বিতর্ক সভা।

রবীন্দ্রনাথ ঠাকুরের চুরাশিতম প্রয়াণ দিবস উপলক্ষ্যে আগামী ২২শে শ্রাবণ, ইংরেজির ৮ই আগস্ট ২০২৫-এর সন্ধ্যায়, দক্ষিণ দিল্লি কালীবাড়ি প্রাঙ্গণে আয়োজিত হবে বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান 'শ্রাবণের ধারা'। দক্ষিণ দিল্লি কালীবাড়ির সাংস্কৃতিক গোষ্ঠী 'কোমল গান্ধারের' উদ্বোধনী সঙ্গীতের পর, সুতপা ঘোষ দস্তিদারের নির্দেশনায় গীতি আলেখ্য 'আনন্দঘন রবি' উপস্থাপিত হবে।

২৩শে আগস্ট ২০২৫, দক্ষিণ দিল্লি কালীবাড়ি প্রাঙ্গণে আয়োজিত হবে কলকাতা ও দিল্লির কবি এবং বাচিক শিল্পী সমন্বয়ে 'তৃতীয় কবিতা উৎসব'।

১৫ই আগস্ট এবং ১৭ই আগস্ট ২০২৫, পূর্বাঞ্চল বঙ্গীয় সমিতি ও মিলনী কালচারাল অ্যাণ্ড ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে, যাত্রাপালা 'রাজা লক্ষ্মণসেন' মঞ্চস্থ হবে। ১৫ই আগস্ট ২০২৫-এ গালিব অডিটোরিয়াম এবং ১৭ই আগস্ট ২০২৫-এ, তিনদিক উন্মুক্ত, ময়ূর বিহার ফেজ ওয়ানের কালীবাড়ি সমিতির মঞ্চে এই পালা উপস্থাপিত হবে। যাত্রাপালাটির নির্দেশনায় রয়েছেন গৌতম দাশগুপ্ত ও সুপ্রিয় মুখার্জি।

১৭ই আগস্ট, ২০২৫ লোদি রোডের গোদাবরী অডিটোরিয়ামে আয়োজিত হচ্ছে পূর্বদিগন্ত ফাউন্ডেশনের তৃতীয় শর্ট ফিল্ম ফেস্টিভ্যাল। এই ফেস্টিভ্যালে ৬টি পুরস্কৃত স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্র প্রদর্শনীর সঙ্গে থাকছে, অভিনেতা/অভিনেত্রী এবং চলচ্চিত্র নির্মাতাদের সঙ্গে আলোচনা।

গত ২৬শে জুলাই ২০২৫-এ নির্বাচনের পর, দু' বছরের সময়সীমার জন্য মিলনী কালচারাল অ্যাণ্ড ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের (ময়ূর বিহার ফেজ ওয়ান) নবনির্বাচিত কর্মসমিতি গঠিত হয়েছে। সভাপতির পদে দায়িত্ব নিয়েছেন মৃণালকান্তি বিশ্বাস। সহ-সভাপতি পদে অমিতাভ চক্রবর্তী, সাধারণ সম্পাদক অনুপম সাহা, অতিরিক্ত সাধারণ সম্পাদক সুপ্রিয় মুখার্জি, কোষাধ্যক্ষ মান্না দেব, সাংস্কৃতিক বিভাগীয় সম্পাদক সুমন্ত ভৌমিক ও সমাজকল্যাণ বিভাগের সম্পাদক হিসাবে ইন্দ্রাণী মুদি এবং দীব্যেন্দু পাল স্ব স্ব ভূমিকায় দায়িত্ব নিয়েছেন। তাঁদের সকলকে শুভেচ্ছা জানাই।


আসিতেছে....
আসিতেছে....
দিল্লীতে বহু প্রতীক্ষিত
ঐতিহাসিক যাত্রা পালা
রাজা লক্ষ্মণসেন
১৫ ই এবং ১৭ই আগস্ট ২০২৫
নির্দেশনায় : শ্রী গৌতম দাসগুপ্ত এবং শ্রী সুপ্রিয় মুখার্জী
আয়োজনে
PURBANCHAL BANGIYO SAMITI
পূর্বাঞ্চল বঙ্গীয় সমিতি
সহযোগিতায়
MC&WA
Milani Cultural & Welfare Association
মিলনী কালচারাল এন্ড ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন
BANGLA JATRA PALA
Raja Lakkhan Sen
15th AUGUST 2025
GHALIB AUDITORIUM
NEAR MATA SUNDARI WOMEN'S COLLEGE
ITO, NEW DELHI 110002
6 PM ONWARDS
ENTRY FREE!
17th AUGUST 2025
3 SIDE OPEN STAGE
KALI BARI SAMITY
POCKET II
MAYUR VIHAR
PHASE I
DELHI 110091
6 PM ONWARDS
ENTRY FREE!

*"Dedicated to serving the society through collaborative efforts with artists and groups to preserve, strengthen and promote the rich diversity of our cultural heritage"*

## সংস্কৃতির কড়চা

দক্ষিণায়ন নাট্যগোষ্ঠী পেসুএভের সহযোগিতায়, ৩রা আগস্ট ২০২৫, দ্বারকার CCRT অডিটোরিয়ামে মঞ্চস্থ করেছে পূর্ণ দৈর্ঘ্যের নাটক 'খড়কুটো'। মানব কউলের রচিত হিন্দি নাটক 'বালি ঔর শম্ভু'র কাহিনী অবলম্বনে নাটকটি নির্মাণ করা হয়েছিল।

৩রা আগস্ট ২০২৫, সপ্তক দিল্লি, বিশাখা ও মিহির বসুর পরিচালনায় রবীন্দ্রসঙ্গীত-নির্ভর 'নানা রঙের গান' অনুষ্ঠানটির আয়োজন করেছিল। বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে অনুষ্ঠানটি মঞ্চস্থ হয়েছে।

৩রা আগস্ট ২০২৫-এ, ২২শে শ্রাবণ উপলক্ষ্যে গানের তরী সঙ্গীত গোষ্ঠী, গতানুগতিক ধারা থেকে আলাদা একটি সংযত ও পরিমিত অনুষ্ঠান মঞ্চস্থ করেছিল। 'ছুটির বাঁশি' নামাঙ্কিত এই প্রযোজনাটি, চিত্তরঞ্জন পার্ক বি-৩৯৫ ভূগর্ভস্থ তলে উপস্থাপিত হয়।

৯ই আগস্ট ২০২৫, ক্রিয়েশন ডান্স অ্যাকাডেমি, পেসুএভ এবং প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট, হাজারীবাগ-এর সহায়তায়, নৃত্য-নাট্য ও সঙ্গীত সমাহারে মহাভারতের দ্রৌপদীর চরিত্র চিত্রায়ণ করেছে। অনুষ্ঠানটির ভাবনা ও নৃত্য-পরিচালনা গুরু অরুণাভ ধরের। নাট্য অংশে সহায়তা করেছেন দিল্লির বিশিষ্ট অভিনেতারা। সঙ্গীত পরিবেশনায়, ঝর্ণাধারা, গানের তরী এবং সঞ্জাত সঙ্গীত দলের শিল্পীরা অংশ নিয়েছেন।

১০ই আগস্ট ২০২৫, পেসুএভের সহায়তায়, স্বপ্ন এখন নাট্যদলটি মুক্তধারা প্রেক্ষাগৃহে পূর্ণ দৈর্ঘ্যের নাটক 'বাইশে শ্রাবণ ও পোড়া মাংসের গন্ধ মঞ্চস্থ করবে।

রবীন্দ্রনাথের প্রকৃতি চেতনায় বর্ষার আবহকেন্দ্রিক একটি উপস্থাপনা 'শ্রাবণধারা', ১০ই আগস্ট ২০২৫-এ অনুষ্ঠিত হতে চলছে। অনুষ্ঠানটি বনফুল গোষ্ঠীর একটি বিশেষ প্রয়াস।

২৪শে আগস্ট ২০২৫, বনফুল গোষ্ঠী, শিল্পীদ্বয় স্বরূপ ও স্বাতী পাল এবং অন্যান্য আমন্ত্রিত শিল্পীদের অংশগ্রহণে, সঙ্গীত ও অভিনয়ের যুগলবন্দীতে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা মঞ্চায়িত হবে। এটি চিত্তরঞ্জন পার্ক মেমোরিয়াল সোসাইটির প্রযোজনা এবং চিত্তরঞ্জন ভবনে উপস্থাপিত হবে।

১৬ই আগস্ট ২০২৫, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটি এবং অনুপ ঘোষ ও সহযোগীবৃন্দের উদ্যোগে এবং পেসুএভের সৌজন্যে, কবি সুকান্ত ভট্টাচার্যের প্রাক্-জন্মশতবার্ষিকী পালন করা হবে।

১৭ই আগস্ট ২০২৫, বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, রবিগীতিকা এবং স্বপ্ন

এখন-এর সম্মিলিত প্রস্তুতি, 'একটা আষাঢ়ে গল্প অথবা তাসের দেশ' মঞ্চস্থ হবে। অনুষ্ঠানটির পরিচালনায় রয়েছেন শমীক রায়, দূর্বা ঘোষ ও জয়তী ঘোষ। ইচ্ছেডানায় ভর দিয়ে এই যাত্রা, নিজের স্বপ্নে বেঁচে থাকার গল্প কাহিনী।

২৪শে আগস্ট ২০২৫, বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, ল্য রিদম, প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট হাজারীবাগ এবং রিনি মুখার্জি ফাউণ্ডেশনের সহযোগিতায় তসলিমা নাসরিন ও শ্রীরাধা বন্দোপাধ্যায়কে নিয়ে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে। অনুষ্ঠানে থাকছে তসলিমা নাসরিনের কবিতা, কবিতাভাবনা, কবিতাগান এবং শ্রীরাধা বন্দোপাধ্যায়ের কণ্ঠে কিছু কালজয়ী গান।

২৫শে আগস্ট ২০২৫, পূর্ব দিগন্ত ফাউণ্ডেশন, ল্য রিদম এবং পেসুএভের সহায়তায়, যাপনচিত্র দিল্লি, তসলিমা নাসরিনের 'শোধ' উপন্যাসের নাট্যরূপ মঞ্চায়ন করবে শ্রীরাম সেন্টার ফর পারফর্মিং আর্টসের মঞ্চে। কাহিনীটির নাট্যরূপ প্রদান এবং নির্দেশনা সুহান বসুর।

৩০শে আগস্ট ২০২৫, ড্রামা সোসাইটি আকৃতির প্রযোজনায় মুক্তধারা অডিটোরিয়ামে, সৌভিক সেনগুপ্তর পরিচালনায় 'জনক' এবং অরুণাভ সেনগুপ্তর পরিচালনায় 'যাত্রা' নাটক দুটি মঞ্চস্থ হবে।

## সাহিত্য সংবাদ

১৩ই জুলাই ২০২৫, কলমের সাত রঙ এবং চিত্তরঞ্জন পার্ক কালীমন্দির সোসাইটির উদ্যোগে, কালীমন্দির লাইব্রেরি হলে, কলমের সাত রঙ পত্রিকার সাহিত্যসভা বসেছিল। বর্ষণসিক্ত সন্ধ্যাটি, নবীন ও প্রবীণ লেখকদের সাহিত্যচর্চায় এবং সৌহার্দ্যে পারস্পরিক মেলবন্ধনের যোগসূত্র হয়ে উঠেছিল।

## উৎসবের ঠিকানা

প্যাটেলনগর পূজা সমিতি এবছর দুর্গাপুজোর হীরক জয়ন্তী বর্ষ পালন করতে চলেছে। তাদের বার্ষিক সাধারণ সভায় সভাপতি পদে নির্বাচিত হয়েছেন দেবাশীষ ভৌমিক, সাধারণ সম্পাদক পদে দায়িত্ব নিয়েছেন অনিমেষ পাল এবং কোষাধ্যক্ষ হিসাবে নির্বাচিত হয়েছেন মনোজিত দেবনাথ। তাঁদের অশেষ শুভেচ্ছা জানাই। উক্ত পুজো সমিতির পক্ষ থেকে দিল্লি-NCR-এর মানুষকে এই মহা-উৎসবে যোগদান করার আমন্ত্রণ জানাই।

## খোলা জানলা

সব গাছ ছাড়িয়ে, সব জড়তা এবং ভয় পার করে এক পায়ে দাঁড়িয়ে যে গাছ তার চারপাশে গড়ে ওঠে এক মহামেলার আয়োজন। বাস-চাষ, কলের ধোঁওয়া

আর প্রাণের ছোঁওয়া, বজ্রধ্বনি আর বইঠার গীতিকা, হাইওয়ে আর পল্লীপথ এই সব উপকরণে গড়ে ওঠা এই মহামেলা, পরাজিত করে দেয় সব অধীনতাকে। আমরা সবাই রয়ে যাই এক ভালোবাসার দেশে, যেখানে যুদ্ধ হেরে যায়, মুখ লুকোয় হিংসা ঘৃণা। আর ওই যে গাছটি, আমরা তাকে উদযাপন করি। স্বাধীনতা নামে ডাকি।

স্বাধীনতার জয় হোক। মানবতার জয়গান গণতন্ত্রের শেষ কথা হয়ে উঠুক।

*অ্যাসোসিয়েশন সংবাদে আপনার সংস্থার খবর প্রকাশ করতে চান? বেঙ্গল অ্যাসোসিয়েশনের ইমেলে পাঠিয়ে দিন তিন-চার বাক্য লিখে bengalassociation1819@gmail.com-এ প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে।*

*২০২৩-২৪এর বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৫ বছর অর্থাৎ ২০২৯-৩০ পর্যন্ত দিগঙ্গনের সদস্যতা নেওয়া হবে নতুন করে। বিস্তারিত বিবরণের জন্য যোগাযোগ করুনঃ*

*+91 73034 00554*




## আমার কথা

তোমরা জানো? আমি যখন ছোট ছিলাম, মানে একদম ছুটকু - আমি যখন টু এন্ড হাফ ইয়ার্সের, তখন আমি ভীষণ দুষ্টু ছিলাম। এখন তো একটু একটু, কিন্তু তখন ভীষণ ভীষণ ছিলাম। আমার দা'ভাই আমাকে ধরেই রাখতে পারত না। কিন্তু আমি তা-ও ও আর ওর ফ্রেণ্ডসদের সাথেই খেলতে যেতাম। আর না খেলালেই ঠাম্মার কাছে গিয়ে কমপ্লেইন করতাম। আর ঠাম্মা ওকে বকে দিত। বলত 'ছোট বোন, ওকেও খেলা'। আর আমিও তেমনি পাজি, আবার ওদের মধ্যেই খেলতে যেতাম। আর দা'ভাই রেগে গেলেই জোরে জোরে কাঁদতাম। আমার একটা ছোট প্রব্লেম ছিল। সেটা ছিল কাউকে খুব পছন্দ হলে তাকে আদর করতে গিয়ে কামড়ে দিতাম। সবাই বলতো 'ব্যাড ম্যানার্স', কিন্তু কে আর শোনে! আমি কামড়েই দিতাম। একদিন দা'ভাই ঠাম্মাকে কমপ্লেন করে বলল, 'ঠাম্মা জানো, এ আমার ফ্রেণ্ডসদের কামড়ে দেয় রোজ'। ঠাম্মা তো আমাকে বকতো না। তাই শুধু বলল, 'শোনো তুমি কিন্তু কাউকে কামড়াবে না... প্রমিস?' আমিও অমনি বললাম, 'কিন্তু ঠাম্মা, আমাদের সঙ্গে তো কোনো COW খেলেই না'। সবাই হো হো করে হেসে উঠল।

**আহেলি মুখার্জি**
এ এস এন সিনিয়র সেকেণ্ডারি স্কুল
ষষ্ঠ শ্রেণী

প্রতি মাসের অ্যাসোসিয়েশন সংবাদের সঙ্গে থাকছে ছোটদের পাতা
অংশ নেবে স্কুলের বাচ্চারা
১) যে কোনো বিষয়ের উপর ছবি আঁকো আর ছবি তুলে পাঠিয়ে দাও।
২) যে কোনও বিষয়ে বাংলা বা ইংরেজি অক্ষরে (রোমান স্ক্রিপ্টে) বাংলা ভাষায় ৩০০ শব্দের মধ্যে গল্প লেখো আর পাঠিয়ে দাও।
ইমেলে পাঠাও ঃ bengalassociation1819@gmail.com-এ
সাবজেক্টে লেখো ঃ ছোটদের পাতা (মাসের নাম)। [যে মাসে পাঠাবে তার পরের মাসের নাম লিখবে]
লেখা বা আঁকা পাঠাবে মাসের ৩০ তারিখের মধ্যে। সঙ্গে লেখো নিজের নাম, ক্লাস এবং স্কুলের নাম
নির্বাচিত সর্বাধিক দুটি লেখা এবং চারটি ছবি প্রকাশিত হবে পরের মাসের অ্যাসোসিয়েশন সংবাদে



***বংশিকা নায়ক**, ভি এস এস কে ভি, নেহেরু প্লেস, তৃতীয় শ্রেণী*



***ঐশী সেনগুপ্ত**, দ্য ইণ্ডিয়ান স্কুল, অষ্টম শ্রেণী*

CELEBRATES




**6TH & 7TH SEPTEMBER 2025**

**MUKTADHARA AUDITORIUM**

**BANGA SANSKRITI BHAVAN**

বেঙ্গল অ্যাসোসিয়েশনের

সদস্যতা নেবার পর আপনার

ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**


**Editor and Publisher Shri Sauranshu Sinha**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**